তোমার নয়ন আমায় বারে বারে বলেছে গান গাহিবারে ॥
ফুলে ফুলে তারায় তারায়
বলেছে সে কোন্ ইশারায়
দিবস-রাতির মাঝ-কিনারায় ধূসর আলোয় অন্ধকারে ।
গাই নে কেন কী কব তা,
কেন আমার আকুলতা—
ব্যথার মাঝে লুকায় কথা, সুর যে হারাই অকূল পারে ॥
যেতে যেতে গভীর স্রোতে ডাক দিয়েছ তরী হতে ।
ডাক দিয়েছ ঝড়-তুফানে
বোবা মেঘের বজ্রগানে,
ডাক দিয়েছ মরণপানে শ্রাবণরাতের উতল ধারে ।
যাই নে কেন জান না কি—
তোমার পানে মেলে আঁখি
কূলের ঘাটে বসে থাকি, পথ কোথা পাই পারাবারে ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Tilak-Kamod

Visit www.geetabitan.com for notation and other detail